

## আহসানউল্লাহ ভাসিটিতে তৃতীয় দিনের মতো ক্লাস বর্জন

স্টাফ রিপোর্টার ॥ ভারপ্রাপ্ত উপাচার্যের অপসারণসহ বিভিন্ন দাবিতে আন্দোলন অব্যাহত রেখেছেন বেসরকারী আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বুধবার তৃতীয় দিনের মতো ক্লাস পরীক্ষা বর্জন করে ভবনে তালা লাগিয়ে প্রতিবাদ কর্মসূচী পালন করেছেন তারা। এদিকে আন্দোলনের তৃতীয় দিনে হৃষকি দেয়ার অভিযোগ এনে উপাচার্য ড. কাজী শরিফুল আলমের ছেলে বিবিএর শিক্ষক কাজী আহমেদ ফারহানের অপসারণের দাবি উঠেছে।

বুধবার সকালে শিক্ষার্থীরা ক্যাম্পাসে সমবেত হয়ে ভিসির পদত্যাগের দাবিতে বিক্ষোভ শুরু করেন। এ সময় শিক্ষার্থীদের নানা স্নেগানে উত্তাল হয়ে ওঠে ক্যাম্পাস। আগামী দুই নবেম্বর ভর্তি পরীক্ষা স্থগিত করা হবে বলে জানিয়ে আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, দাবি আদায় না হওয়া পর্যন্ত একাডেমি ও প্রশাসনিক সকল কার্যক্রম বন্ধ থাকবে। প্রশাসনিক সকল দায়িত্ব থেকে তাকে (ভিসি) না সরানো পর্যন্ত এ আন্দোলন অব্যাহত থাকবে।

এদিকে আন্দোলনে অংশ না নিতে শিক্ষার্থীদের চাপ প্রয়োগ ও হৃষকি দেয়ার অভিযোগ উঠেছে উপাচার্য ড. কাজী শরিফুল আলমের ছেলে বিবিএর শিক্ষক কাজী আহমেদ ফারহানের বিরুদ্ধে। বুধবার তার দেয়া হৃষকি আন্দোলনে যোগ করেছে নতুন মাত্রা। শিক্ষার্থীরা ভিসি ও তার পুত্র কাজী ফারহান আহমেদের পদত্যাগসহ ১২ দফা দাবিতে বুধবার ক্যাম্পাসে আন্দোলন করছেন। দাবি আদায়ে ভর্তি পরীক্ষা বন্ধসহ সব ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

আন্দোলনরত শিক্ষার্থীরা বলছেন, ভিসির ছেলে ও বিবিএ ডিপার্টমেন্টের প্রধান কাজী আহমেদ ফারহান ভিসির পদত্যাগ দাবি করে আন্দোলনে অংশ না নিতে শিক্ষার্থীদের চাপ ও হৃষকি দিচ্ছিলেন। তাই, আজ থেকে অবৈধভাবে দায়িত্ব থাকা ভিসির সঙ্গে তার ছেলে কাজী আহমেদ ফারহানের পদত্যাগের দাবিও যোগ করা হয়েছে। একই সঙ্গে ভর্তি পরীক্ষা বন্ধসহ সব ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দেয়া হয়েছে। আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে ১২ দফা দাবি জানানো হয়েছে।



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত  
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টাস লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকর্ত্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটার্ন,  
জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩০৫  
ই-মেইল: janakanthanews@gmail.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by dailyjanakantha.com